

অক্সিজেন পার্লার চালু

নিজস্ব সংবাদদাতা
উত্তরপাড়া

১৯ নভেম্বর, ২০১৮, ০৪:৩১:২৩

শেষ আপডেট: ১৯ নভেম্বর, ২০১৮, ০৪:৪৬:০০



সাহায্য: উদ্বোধনের পর। নিজস্ব চিত্র

পুর কর্তৃপক্ষের উদ্যোগে রবিবার উত্তরপাড়া শহরে অক্সিজেন পার্লারের উদ্বোধন করলেন শ্রীরামপুরের সাংসদ কল্যাণ বন্দ্যোপাধ্যায়। জিটি রোড লাগোয়া সোমনাথ শিশু উদ্যানে ওই উদ্বোধনী অনুষ্ঠানে ছিলেন স্থানীয় বিধায়ক প্রবীর ঘোষাল, উত্তরপাড়ার বাসিন্দা আইনজীবী শক্তিনাথ মুখোপাধ্যায় প্রমুখ। পুরপ্রধান দিলীপ যাদবের দাবি, “রাজ্যে এমন উদ্যোগ প্রথম।”

ঠিক কী কাজ হবে ওই অক্সিজেন পার্লারে?

বহু সময় চিকিৎসকের পরামর্শে অনেকের অক্সিজেন নেওয়ার প্রয়োজন হয়ে পড়ে। তার জন্য ছুটেতে হয় হাসপাতাল বা নার্সিংহোমে। কয়েক ঘন্টার প্রয়োজনে মোটা টাকাও গুনতে হয় রোগীর পরিজনদের। কিন্তু এই পার্লার থেকে খুব কম খরচে প্রয়োজন অনুযায়ী অক্সিজেন নেওয়া যাবে। পুরপ্রধান দিলীপ যাদব বলেন, “প্রায় ১০ লক্ষ টাকা খরচ করে পার্লারটি তৈরি করা হয়েছে। প্রতিদিন সকাল ৮ থেকে রাত ৮টা পর্যন্ত ওই পার্লারটি খোলা থাকবে।”

এ দিনই পুর কর্তৃপক্ষ ওই অনুষ্ঠান থেকে শহরের প্রবীণ নাগরিকদের জন্য হেল্থ কার্ড বিলি শুরু করলেন। পুর প্রধান জানান, আপাতত ২০০ কার্ড বিলি করা হয়েছে। এরপর প্রতি কাজের দিন পুরসভা থেকেও ওই কার্ড দেওয়া হবে। প্রয়োজনে পুরসভার প্রতিটি ওয়ার্ডে বিশেষ ক্যাম্প করে প্রবীণদের জন্য ওই কার্ড বিলি করা হবে বলে তিনি জানান। ওই কার্ড দিয়ে বিনা পয়সায় স্বাস্থ্য পরীক্ষার পাশাপাশি রক্ত এবং অন্যান্য পরীক্ষাও করানো যাবে বলে পুরসভা সূত্রের খবর।

TAGS : [Parlour](#) [Oxygen](#) [Health](#)